

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 12-02-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

CM-Dental College :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, ভালো দন্ত চিকিৎসক হতে হলে এনাটমি, ওরাল সার্জারি, ওরাল প্যাথোলোজি বিষয়ে ভালোভাবে অভিজ্ঞতা অর্জন করতে হবে। গতকাল আগরতলার মুক্তধারা অডিটরিয়ামে আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ এবং আইজিএম হাসপাতালের উদ্যোগে ২০২৩-২৪ এবং ২০২৪-২৫ বর্ষের নবাগত ছাত্রছাত্রীদের নবীনবরণ উৎসব 'সিনারজি' ওয়ান পয়েন্ট জিরো অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। বর্তমানে রাজ্যে গভর্নমেন্ট ডেন্টাল কলেজে বিডিএস কোর্সের ৬৩টি আসন রয়েছে। বক্তব্য রাখেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যে, স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা. দেবশ্রী দেববর্মা।

Central Agriculture Minister :

কেন্দ্রীয় গ্রাম উন্নয়ন, কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারত এক সমৃদ্ধ, বিকশিত, শক্তিশালী দেশ হিসাবে পরিগণিত হচ্ছে। এই লক্ষ্যে গ্রামীণ জনগোষ্ঠীর জন্য নতুন ভিবি জি রাম জি আইন এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ। গতকাল আগরতলার বিবেকানন্দ ময়দানে বিকশিত ভারত - জি রাম জি আইন ২০২৫ প্রনয়ন উপলক্ষে জনপ্রতিনিধি সম্মেলন, বিভিন্ন গ্রামোন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও লাভার্থী সম্মাননা জ্ঞাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। কেন্দ্রীয় মন্ত্রী অনুষ্ঠানে গ্রামোন্নয়নে বেশ কিছু প্রকল্পের উদ্বোধন করেন ও লাভার্থী সম্মাননা প্রদান করেন।

Guidelines for – national song Vandemataram:

ভারতের রাষ্ট্র গীত, বন্দেমাতরমের বিষয়ে সরকার বিস্তারিত নির্দেশিকা জারি করেছে। নির্দেশিকায় বলা হয়েছে জাতীয় সঙ্গীত এবং রাষ্ট্র গীত একসাথে পরিবেশিত হলে সরকারী সংস্করণের ছয়টি স্তবক প্রথমে গাইতে হবে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের নির্দেশিকায় বলা হয়েছে, রাষ্ট্রপতির আগমন, জাতীয় পতাকা উত্তোলন এবং রাজ্যপালদের ভাষণের মতো গুরুত্বপূর্ণ সরকারী অনুষ্ঠানে পূর্ণ ছয়টি স্তবকের সংস্করণটি গাওয়া বা বাজানো হবে। এই নির্দেশাবলীর অধীনে, নাগরিক সম্মাননা উপলক্ষে, রাষ্ট্রপতি এবং রাজ্যপালের আনুষ্ঠানিক রাষ্ট্রীয় অনুষ্ঠান এবং অন্যান্য সরকারী অনুষ্ঠানে আগমন এবং প্রস্থানের সময় রাষ্ট্র গীতের সরকারী সংস্করণ বাজানো হবে। রাষ্ট্রপতির আকাশবাণী এবং টেলিভিশনে জাতির উদ্দেশ্যে ভাষণ দেওয়ার ঠিক আগে এবং পরে এবং যখন জাতীয় পতাকা কুচকাওয়াজে আনা হয় তখনও এটি বাজানো হবে। মন্ত্রক আরও বলেছে যেখানে রাষ্ট্র গীত পরিবেশিত হবে সেখানে উপস্থিত ব্যক্তিদের দাঁড়াতে হবে।

Finance Minister Nirmala Sitharaman:

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেছেন দেশের পরিকাঠামো শক্তিশালী করার জন্য অর্থ ব্যয় করা হবে। তিনি বলেন, সরকার দেশে শক্তিশালী পরিকাঠামো নির্মাণের জন্য ব্যাপকভাবে জোর দিচ্ছে, কর্মসংস্থান সৃষ্টি এবং প্রবৃদ্ধিকে সহজতর করার জন্য শ্রম-নিবিড় ক্ষেত্রগুলির উপর গুরুত্ব দেওয়া হচ্ছে। গতকাল সন্ধ্যায় লোকসভায় কেন্দ্রীয় বাজেটের উপর বিতর্কের জবাবে শ্রীমতী সীতারমন একথা বলেন, এই বছরের বাজেটে সরকারি মূলধন ব্যয়ের জন্য ১২ লক্ষ কোটি টাকারও বেশি বরাদ্দ করা হয়েছে বলে তিনি জানান।

Courtesy Meet :

রাজ্যপাল ইন্দ্ৰসেনা রেডি নাল্লুর সঙ্গে আসাম রাইফেলস'র আইজি মেজর জেনারেল ইন্দ্ৰজিৎ সিং ভিন্দার গতকাল লোকভবনে এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। বিভিন্ন বিষয় নিয়ে দুজনের মধ্যে আলোচনা হয়।

National level Hajagiri Dance Festival :

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন রাজ্য সরকার প্রাচীন ঐতিহ্য, সংস্কৃতি ও পরম্পরাকে পুনরুজ্জীবিত করার প্রয়াস নিয়েছে। জাতীয়স্তরের ঐতিহ্যগত কারু শিল্প মেলা ও হজাগিরি নৃত্য উৎসব বিভিন্ন রাজ্যের প্রতিনিধিদের মধ্যে সৌভ্রাতৃত্বের বার্তা বয়ে আনবে। গতকাল আগরতলার শিশু উদ্যানে দুইদিন ব্যাপী জাতীয়স্তরের ঐতিহ্যগত কারুশিল্প মেলা ও হজাগিরি নৃত্য উৎসবের উদ্বোধন করে তিনি একথা বলেন। এই উৎসব বিকেল ৩টা থেকে রাত ৯টা পর্যন্ত চলবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, জনজাতি গবেষণা ও সাংস্কৃতিক কেন্দ্রের অধিকর্তা রঞ্জিৎ দেববর্মা প্রমুখ। উৎসবে আসাম, ছত্তিশগড়, অরুণাচল প্রদেশ, ঝাড়খন্ড, মেঘালয় এবং ত্রিপুরা রাজ্যের বিভিন্ন মহকুমা, পূর্বাশা ও বিভিন্ন দপ্তর থেকে মোট ৫০টি স্টল খোলা হয়েছে। উল্লেখ্য আজ মেলার শেষ দিন।

National Medicinal Plants Board :

কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রী প্রতাপরাও যাদব গতকাল নয়াদিল্লিতে জাতীয় ঔষধি উদ্ভিদ পর্ষদ-এনএমপিবি-এর ২৫ বছর পূর্তি উপলক্ষে এক চিন্তন শিবিরের উদ্বোধন করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে শ্রী যাদব বলেন, পর্ষদ ২৫ বছর ধরে ঔষধি উদ্ভিদের উন্নয়ন ও প্রচারের জন্য সমর্পিত ভাবে কাজ করছে। তিনি বলেন, জীববৈচিত্র্য সংরক্ষণকে সুস্থায়ী জীবিকা এবং অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে যুক্ত করার ক্ষেত্রে এনএমপিবি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

MSME :

কেন্দ্রীয় সূক্ষ, ক্ষুদ্র ও মাঝারি শিল্পমন্ত্রী জিতন রাম মানঝি গতকাল বলেছেন, সরকারের লক্ষ্য ভারতের সূক্ষ, ক্ষুদ্র ও মাঝারি শিল্পগুলিকে বিশ্ব বাজারের সাথে সংযুক্ত করা। শ্রী মানঝি নয়াদিল্লিতে ওয়ার্ল্ড ফিউচার ফোরামের উদ্বোধনের সময় এই কথা বলেন।

Weather :

আজ আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪.৪ ডিগ্রি সেলসিয়াস।
